অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/1/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল বিকাশগত অক্ষমতাসহ নিউ ইয়র্কবাসীদের সহায়তা করার জন্য পাঁচ বছরের পরিকল্পনা ঘোষণা করলেন

বিকাশগত অক্ষমতাসহ ব্যক্তিদের অফিস স্টেকহোল্ডারদের সাথে কাজ করবে; সেবাদানকারীরা মুখ্য এজেন্সির অগ্রাধিকার স্থাপন করবে

পরিকল্পনার উদ্দেশ্য কর্মীবাহিনী, প্রযুক্তি এবং সহযোগিতা জোরদার করা; উদ্ভাবনের মাধ্যমে এজেন্সি উন্নত করা; ব্যক্তিকেন্দ্রিক সমর্থন ও সেবা উন্নত করা

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের বিকাশগত অক্ষমতাসহ ব্যক্তিদের অফিস (New York State Office for People With Developmental Disabilities, OPWDD) নিউ ইয়র্কবাসীদের সমর্থন ও সেবা জোরদার করতে সাহায্য করার জন্য একটি পাঁচ বছরের কৌশলী পরিকল্পনার (Strategic Plan) কাজ শেষ করেছে। 18 মাস ধরে স্টেকহোল্ডারদের মতামত নিয়ে গঠিত 2023-2027 কৌশলী পরিকল্পনাটি অতি গুরুত্বপূর্ণ এজেন্সির অগ্রাধিকার সনাক্ত ও সংগঠিত করে যাতে আগামী অর্ধদশক ধরে বিকাশগত অক্ষমতাসহ ব্যক্তিদেরকে সেবাদান করার নির্দেশনা প্রদান করা যায়।

"নিউ ইয়র্কের স্বপ্ন আমাদের স্টেটের সকলের জন্য বাস্তব হওয়া উচিত, বিকাশগত অক্ষমতাসহ ব্যক্তিদের জন্যও," **গভর্নর হোকল বলেন।** "এই পাঁচ বছরের পরিকল্পনাটি স্টেটব্যাপী বিকাশগত অক্ষমতাসহ নিউ ইয়র্কবাসীদের সমর্থন জোরদার করার জন্য এবং সেবা উন্নত করার জন্য একটি সার্বিক রোডম্যাপ প্রদান করে, যা সকলের জন্য আরো অন্তর্ভুক্তিকর, সমতার স্টেট গঠনে সাহায্য করে।"

পরিকল্পনাটি স্টেকহোল্ডারদের মতামত, যা 2021 সাল থেকে শুরু করে 18 মাস ধরে সংগ্রহ করা হয়েছে দ্বারা সনাক্তকৃত এজেন্সি অগ্রাধিকারকে সংগঠিত করে। পরিকল্পনাটি তিনটি সার্বিক এজেন্সি লক্ষ্যকে চিহ্নিত করে উদ্দেশ্য এবং এজেন্সির মিশনকে সমর্থন করবে এমন উদ্যোগের একটি ব্যাপ্তিসহ:

- কর্মীবাহিনী প্রযুক্তি ও সহযোগিতা জোরদার করা
- উদ্ভাবন ও পরিবর্তনের মাধ্যমে এজেন্সি রূপান্তরিত করা

- ব্যক্তিকেন্দ্রিক সমর্থন ও সেবা উন্নত করা

পরিকল্পনাটি সরাসরি সমর্থন কর্মীবাহিনীকে জোরদার করাকে একটি শীর্ষ এবং জরুরি অগ্রাধিকার হিসেবে সনাক্ত করে। এছাড়াও পরিকল্পনাটি এজেন্সি কীভাবে ডেটা ব্যবহার ও শেয়ার করে তা উন্নত করার; সমর্থন ও সেবার উন্নয়ন; এবং এজেন্সি যাতে সকল নিউ ইয়র্কবাসীদের অনন্য চাহিদা তাদের পুরো জীবন মেটায় তা নিশ্চিত করার আহ্বান করে।

পরিকল্পনাটি স্টেটের মানসিক স্বাস্থ্য আইনের (Mental Hygiene Law) অধীনস্থ আবশ্যিকতা পূরণ করে যার ফলে OPWDD-র জন্য জনমত গ্রহণ করে এজেন্সির কর্মকাণ্ডের নির্দেশনা প্রস্তুত করা আবশ্যক হয়। OPWDD বার্ষিক ভিত্তিতে পরিকল্পনায় বর্ণিত উদ্দেশ্য ও লক্ষ্য অর্জনের অগ্রগতির প্রতিবেদন প্রকাশ করবে, সাফল্য, উন্নয়নের ক্ষেত্র, এবং অগ্রাধিকার পরিবর্তনের ক্ষেত্রে তাদের মতামত গ্রহণ করবে।

নিউ ইয়র্ক স্টেটের বিকাশগত অক্ষমতাসহ ব্যক্তিদের অফিসের কমিশনার কেরি নেইফেল্ড বলেন, "আমি এজেন্সির কৌশলী পরিকল্পনা প্রকাশ করতে পেরে অত্যন্ত গর্বিত যা আমাদের সিস্টেমের অন্তর্ভুক্ত বিকাশগত অক্ষমতাসহ ব্যক্তি এবং তাদের পরিবারের অভিজ্ঞতা এবং তাদের জীবন উন্নত করার জন্য আমাদের নির্দেশনা হিসেবে কাজ করবে।চূড়ান্ত পরিকল্পনাটি আমাদের স্টেকহোল্ডারদের সর্বোচ্চ অগ্রাধিকারের লক্ষ্য ও উদ্দেশ্যের প্রতিনিধিত্ব করবে যাতে OPWDD আগামী বছরগুলিতে এজেন্সির মনোযোগ নিয়ে কাজ ও নির্দেশনা প্রদান করতে পারে। আমি ব্যবস্থাটিকে আরো ন্যায্য, টেকসই, এবং আমরা যাদের সমর্থন করি তাদের চাহিদার প্রতি সাড়াদানকারী করার জন্য একত্রে কাজ করতে উন্মুখ।"

স্টেটের সিনেটর জন ডব্লিউ. ম্যানিয়ন বলেন, "অক্ষমতা কমিটির (Disabilities Committee) চেয়ারম্যান হিসেবে, আমি OPWDD –কে দৃঢ়ভাবে পরামর্শ দিয়েছি এই পরিকল্পনাটি করার জন্য স্টেকহোল্ডারদের সাথে কাজ করার জন্য এবং এর ফলাফল আশাব্যঞ্জক। OPWDD-র শেষ কৌশলী পরিকল্পনা করার পর দশ বছর পার হয়ে গেছে তাই আমি এজেন্সি কর্মকাণ্ড উন্নত করতে, অগ্রাধিকার, এবং কীভাবে অক্ষমতাসহ সম্প্রদায়কে সেরা সেবাদান করা যায় তা সনাক্ত করতে এই গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণের জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি। সামনের দিনে, আমার মনোযোগ হবে পরিকল্পনাটি যাতে স্বচ্ছতা ও যথাযথ পর্যবেক্ষণ দ্বারা কার্যকর করা হয় তা নিশ্চিত করা।"

নিউ ইয়র্ক স্টেটের সেলফ-অ্যাডভোকেসি অ্যাসোসিয়েশনের (Self-Advocacy Association of New York State) প্রেসিডেন্ট টনি ফিলিপ্স বলেন, "আমরা OPWDD –র প্রতি কৃতজ্ঞ নতুন কৌশলী পরিকল্পনাটি গঠনের সময় সেলফ-অ্যাডভোকেটদের কথা শোনার জন্য। নিউ ইয়র্ক স্টেটের সেলফ-অ্যাডভোকেসি অ্যাসোসিয়েশনে, আমরা বিশ্বাস করি যে ব্যক্তিকেন্দ্রিক সমর্থন ও সেবার ক্ষেত্রে নবায়িত মনোযোগ প্রথমে আসা দরকার। যদিও আমাদের সমর্থন চাহিদার কর্মী সমস্যা সমাধান করতে এবং আমাদের ব্যবস্থাকে রূপান্তরিত করতে অনেক পথ পারি দিতে হবে, এটি স্পষ্ট যে আমরা সঠিক দিকে অর্থপূর্ণ পদক্ষেপ গ্রহণ করছি।"

নিউ ইয়র্ক স্টেটের সেরেব্রাল প্যালসি অ্যাসোসিয়েশনের (Cerebral Palsy Associations of New York State) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মাইক অ্যালভারো বলেন, "বুদ্ধিগত ও বিকাশগত অক্ষমতাসহ (intellectual and developmental disabilities, I/DD) ব্যক্তিদের স্বাস্থ্য ও ক্লিনিক্যাল সেবা পাওয়ার সুযোগ নিশ্চিত করার উদ্ভাবক হিসেবে, সেরেব্রাল প্যালসি (Cerebral Palsy, CP) স্টেট এটি দেখে আনন্দিত যে OPWDD–র কৌশলী পরিকল্পনা নিউ ইয়র্ক স্টেটে অক্ষমতাসহ ব্যক্তিদের স্বাস্থ্য উন্নত করার ক্ষেত্রে তাদের সেবার গুরুত্বপূর্ণ ভূমিকাকে গ্রহণ করে নিয়েছে। আমরা OPWDD-র সাথে কাজ করতে উন্মুখ যেহেতু তারা সেরা অনুশীলনের প্রচার করবে এবং অ্যাক্সেস সহজতর করতে আন্ত:এজেন্সি উদ্ভাবন সমর্থন করবে এবং একইসাথে আবাসন, ক্লিনিক, দৈনিক কর্মকাণ্ড, চাকরি, এবং আমাদের সম্প্রদায়ের জীবনযাত্রার মান ও সার্বিক স্বাস্থ্য উন্নত করার জন্য অতি গুরুত্বপূর্ণ সেবার ক্ষেত্রে উদ্ভাবনকে উৎসাহিত করবে।"

নিউ ইয়র্ক অন্তর্ভুক্তি ও উদ্ভাবন অ্যালায়েন্সের (New York Alliance for Inclusion and Innovation) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মাইকেল সিরিটার বলেন, "অন্তর্ভুক্তি ও উদ্ভাবনের NY অ্যালায়েন্স OPWDD-র কৌশলী পরিকল্পনার প্রকাশকে স্বাগত জানাচ্ছে, এটি একটি সার্বিক পরিকল্পনা প্রক্রিয়াকে শেষ করলো যেখানে এমন একটি সেবাদান ব্যবস্থা তৈরি করার লক্ষ্যে স্টেকহোল্ডারদের জড়িত করা হয়েছে যা নিউ ইয়র্ক স্টেটে বুদ্ধিগত ও বিকাশগত অক্ষমতাসহ ব্যক্তিদের চাহিদা সমর্থন করতে অ্যাক্সেস, সমতা ও টেকসই হওয়া নিশ্চিত করে। আমরা OPWDD-র সাথে কাজ অব্যাহত রেখে ইতিবাচক পরিবর্তনের অনুঘটক হিসেবে কাজ করার জন্য এবং অক্ষমতাসহ ব্যক্তি, তাদের পরিবার ও তাদের সমর্থনকারী সংগঠনগুলির জন্য সংস্থানের ব্যবস্থা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।"

বিকাশগত অক্ষমতা এজেন্সির ইন্টারএজেন্সি কাউন্সিলের (InterAgency Council of Developmental Disabilities Agencies) নির্বাহী পরিচালক টমাস ম্যাকঅ্যালভানাহ বলেন, "ইন্টারএজেন্সি কাউন্সিল OPWDD –র সাথে অংশীদারিত্ব করতে পেরে আনন্দিত যখন তারা আগামী 5 বছরের জন্য তাদের কৌশলী পরিকল্পনা প্রক্রিয়া শুরু করতে যাচ্ছে। আমরা অভিনন্দন জানাচ্ছি ভবিষ্যতের এই ভিশন গঠন করার জন্য অ্যাডভোকেট, পরিবার, সেবাদানকারী ও I/DD সম্প্রদায়ের সকল সদস্যের কথা শুনতে তাদের প্রচেষ্টার জন্য। আমাদের ধন্যবাদ গভর্নর হোকল, কমিশনার নেইফেল্ড এবং OPWDD –র নেতৃত্বের প্রতি।"

নিউ ইয়র্ক উদীয়মান এবং বহু সংস্কৃতির সেবাদানকারীদের অ্যাসোসিয়েশন, ইনকর্পোরেশনের (New York Association of Emerging & Multicultural Providers, Inc.) নির্বাহী পরিচালক ইভেট ওয়াটস বলেন, "OPWDD-র কৌশলী পরিকল্পনার মধ্যকার উচ্চারিত ভিশন বৈচিত্র্য, সমতা এবং অন্তর্ভুক্তির (Diversity, Equity and Inclusion) ব্যাপার গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে পুনরাবৃত্তি করে এবং আমরা, নিউ ইয়র্ক উদীয়মান এবং বহু সংস্কৃতির সেবাদানকারীদের অ্যাসোসিয়েশন, তার ও তার দলের সাথে অংশীদারিত্ব করার জন্য এবং সকলের কথা শোনা হবে তা নিশ্চিত করার মাধ্যমে বুদ্ধিগত ও বিকাশগত অক্ষমতাসহ ব্যক্তিদের জীবন রূপান্তরিত করার জন্য প্রস্তুত। এটি দারুণ একটি প্রথম পদক্ষেপ।"

পিপল ইনকর্পোরেশনের (People Inc.) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা রন্ডা ফ্রেডেরিক বলেন, "পিপল ইনকর্পোরেশন নিউ ইয়র্ক স্টেট বিকাশগত অক্ষমতাসহ ব্যক্তিদের অফিসের কৌশলী পরিকল্পনার চূড়ান্ত সংস্করণ বাস্তব হতে দেখে আনন্দিত। পরিকল্পনাটি একত্রিত করার প্রক্রিয়াটি সুচিন্তিত এবং অন্তর্ভুক্তিকর, যেখানে ব্যাপক ব্যাপ্তির স্টেকহোল্ডারদের থেকে বিভিন্ন মাধ্যমে মতামত গ্রহণ করে নিশ্চিত করা হয়েছে যাতে সকলের কথা শোনা হয়। 5.07 পরিকল্পনাটি নিউ ইয়র্ক স্টেটে বিকাশগত অক্ষমতাসহ ব্যক্তিদের সেবাদানের মানদণ্ড নির্ধারণ করে দিবে এবং পিপল ইনকর্পোরেশন একটি উজ্জ্বল ভবিষ্যৎ দেখতে উন্মুখ।"

OPWDD-র 2023-2027 কৌশলী পরিকল্পনা এবং পরিকল্পনা প্রক্রিয়া সম্পর্কে তথ্য উপলভ্য আছে OPWDD ওয়েবসাইটে। OPWDD কৌশলী পরিকল্পনা এবং পরিকল্পনার একটি সরল ভাষার সারাংশ উপলভ্য করবে 12টি ভাষায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418